# 34644 - তাওয়াফকালে যে ভুলগুলো সংঘটিত হয়ে থাকে

প্রশ্ন

তাওয়াফ করাকালে আমরা খেয়াল করি যে, কিছু মানুষ মাতাফ (তাওয়াফের জায়গা)-এর শুরুতে দাঁড়িয়ে তাওয়াফের নিয়ত করে। আমরা আরও খেয়াল করি যে, কিছু মানুষ হাজারে আসওয়াদে পৌঁছার জন্য প্রচণ্ড ধাক্কাধাক্কি করে; এমনকি মারামারি পর্যন্ত করে। এসব কাজের ব্যাপারে আপনাদের অভিমত কি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এগুলো এমন কিছু ভুল যেগুলো তাওয়াফ করাকালে সংঘটিত হয়ে থাকে। এ ভুলগুলো কয়েক ধরণের:

এক:

তাওয়াফের শুরুতে নিয়ত উচ্চারণ করা। আপনি দেখবেন যে, কিছু হাজীসাহেব যখন তাওয়াফ শুরু করতে চাচ্ছেন তখন তিনি হাজারে আসওয়াদ অভিমুখী হয়ে দাঁড়িয়ে বলছেন: "হে আল্লাহ্! আমি উমরার জন্য সাত চক্কর তাওয়াফ করার নিয়ত করছি", কিংবা বলছেন: "হে আল্লাহ্! আমি হিজ্জের জন্য সাত চক্কর তাওয়াফ করার নিয়ত করছি"। কিংবা বলছেন: "হে আল্লাহ্! আমি আপনার নৈকট্য হাছিলের জন্য সাত চক্কর তাওয়াফ করার নিয়ত করছি"।

নিয়ত উচ্চারণ করা বিদাত। কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তা করেননি এবং তাঁর উম্মতকে সেটো করার নির্দেশ দেননি। যে ব্যক্তি এমন কোনভাবে আল্লাহ্‌র ইবাদত করবে যেভাবে রাসূলুল্লাহ্‌ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইবাদত করেননি কিংবা তিনি তা করার জন্য তাঁর উম্মতকে নির্দেশ দেননি তাহলে সে ব্যক্তি আল্লাহ্‌র দ্বীনের মধ্যে বিদাত (নতুন বিষয়) চালু করল; যা তাঁর দ্বীনে নেই। অতএব, তাওয়াফকালে নিয়ত উচ্চারণ করা ভুল ও বিদাত। শরয়ি দিক থেকে এটি যেমন ভুল তেমনি বিবেকের বিবেচনায়ও এটি ভুল। নিয়ত উচ্চারণ করার কী আবেদন থাকতে পারে? যেহেতু নিয়ত হচ্ছে আপনি ও আপনার রবের মধ্যস্থিত বিষয়। আল্লাহ্‌ তাআলা আপনার অন্তস্থিত বিষয় সম্যক অবহিত। তিনি অবহিত যে, অচিরেই আপনি এ তাওয়াফটি পালন করবেন। আল্লাহ্‌ যেহেতু জানেন অতএব, আল্লাহ্‌র বান্দাদের কাছে এটি প্রকাশ করার কোন প্রয়োজন নেই।

আপনার পূর্বে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাওয়াফ করেছেন, কিন্তু তিনি তো তাওয়াফের সময় নিয়ত উচ্চারণ

করনেনে। আপনার পূর্বে সাহাবায়ে করোম তাওয়াফ করছেনে, তারা তো নয়িত উচ্চারণ করনেনে। অন্য ইবাদতরে ক্ষত্রেওে করনেনে। অতএব, এটি ভুল।

দুই:

কছিু তাওয়াফকারী হাজারে আসওয়াদ ও রুকনে ইয়ামনৌ স্পর্শ করাকালে তীব্র ধাক্কাধাক্কি করনে; যার কারণে সে ব্যক্তি নজিওে কষ্ট পান এবং অন্যদরেকওে কষ্ট দনে। হতে পারে কখনও কোনে মহলিার সাথে ধাক্কাধাক্কি করনে। এক পর্যায়ে শয়তান তাকে প্ররোচতি করে ফলে এ সংকীর্ণ স্থানে এ মহলিার সাথে ধাক্কাধাক্কি করতে গয়িে তার অন্তরে কামনা-বাসনা জগেে উঠে। মানুষ রক্ত-মাংসরে মানুষ। যে কোনে সময় তার উপর কু-আত্মা ভর করতে পারে। ফলে বায়তুল্লাহ্র সামনওে সে এ ধরণরে গর্হতি কাজে লপ্িত হয়ে যতেে পারে। এ স্থানে এমন কাজ জঘন্য গর্হতি। যদওি সকল স্থানইে এমন কাজ ফতিনা।

হাজারে আসওয়াদ কংিবা রুকনে ইয়ামনৌ স্পর্শ করাকালে তীব্র ধাক্কাধাক্কি করা শরয়িত অনুমোদতি নয়। বরং যদি শান্তভাবে সটো সম্ভবপর হয় তাহলে সটো করা উচতি। আর যদি তা সম্ভবপর না হয় তাহলে আপনি হাজারে আসওয়াদরে দকিে শুধু ইশারা করবনে। আর রুকনে ইয়ামনৌর দকিে ইশারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থকেে সাব্যস্ত নয় এবং হাজারে আওয়াদরে উপর এটাকে কয়িাস করা যাবে না। কনেনা হাজারে আসওয়াদরে মর্যাদা রুকনে ইয়ামনৌর চয়েে অনকে বশেি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থকেে সাব্যস্ত হয়ছেে যে, তনিি হাজারে আসওয়াদরে দকিে ইশারা করছেনে।

এ অবস্থায় ধাক্কাধাক্কি করা যমেন শরয়িত অনুমোদতি নয় তমেনি মহলিার সাথে ধাক্কাধাক্কি করলে এতে ফতিনাগ্রস্ত হওয়ার আশংকা রয়ছেে। অনুরূপভাবে এমন ধাক্কাধাক্কি মন ও চনি্তাকে বক্ষিপ্িত করে দয়ে। কনেনা মানুষ ধাক্কাধাক্করি মধ্যে অপ্রীতকির কছিু কথা শুনইে থাকে। ফলে এ স্থান ত্যাগ করার পর ব্যক্তরি নজিরে উপর নজিরে-ই রাগ হয়।

তাওয়াফকারীর উচতি সার্বক্ষণকি শান্ত ও ধীরস্থরি থাকা; যাতে করে আল্লাহ্র আনুগত্যরে অনুভূতি মনে জাগ্রত রাখা যায়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেনে: "বায়তুল্লাহকে তাওয়াফ করা, সাফা-মারওয়ার মাঝে প্রদক্ষণি ও জমরাতগুলোতে কঙ্কর নক্ষিপে করার বধিান আল্লাহ্র স্মরণকে বুলন্দ করার জন্য আরোপে করা হয়ছেে।"

তনি:

কছিু কছিু মানুষ ধারণা করে যে, হাজারে আসওয়াদ পাথরে চুমা না খলেে তাওয়াফ সহহি হবে না এবং হাজারে আসওয়াদে চুমা খাওয়া তাওয়াফ শুদ্ধ হওয়ার জন্য, হজ্জ কংিবা উমরা শুদ্ধ হওয়ার জন্য শর্ত– এটি ভুল ধারণা। হাজারে আসওয়াদে চুমা খাওয়া সুন্নত। এটি স্বতন্ত্র সুন্নতও নয়। বরং তাওয়াফরে একটি সুন্নত। তাওয়াফ ছাড়া অন্য সময় হাজারে আসওয়াদে চুমা খাওয়া সুন্নত মর্মে আমি জানি না। এর ভত্তিতিে আমরা বলব যহেতেু হাজারে আসওয়াদে চুমা খাওয়া সুন্নত; ওয়াজবি নয়,

কিংবা শর্ত নয়। সুতরাং যে ব্যক্তি হাজারে আসওয়াদে চুমা দিতে পারেনি আমরা বলব না যে, তার তাওয়াফ সহিহ নয়। কিংবা তার তাওয়াফ অপরিপূর্ণ; যে অপূর্ণতার কারণে সে ব্যক্তি গুনাহগার হবে। বরং তার তাওয়াফ সহিহ। আর যদি তীব্র ভিড় থাকে তখন ইশারা করা স্পর্শ করার চেয়ে উত্তম। কেননা ভিড়ের সময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেটাই করেছেন। কেননা এর মাধ্যমে মানুষ অন্যকে কষ্ট দেয়া থেকে নিজেকে রক্ষা করতে পারে, কিংবা অন্য মানুষ থেকে কষ্ট পাওয়া থেকে নিজেকে রক্ষা করতে পারে।

যদি কোন প্রশ্নকারী আমাদেরকে জিজ্ঞেস করে যে, যদি মাতাফ বা তাওয়াফের স্থান জনাকীর্ণ হয় সেক্ষেত্রে মানুষের সাথে ধাক্কাধাক্কি করে হাজারে আসওয়াদ চুমো খাওয়া উত্তম; নাকি ইশারা করা উত্তম; আপনার মতামত কি?

আমরা বলব: উত্তম হচ্ছে- ইশারা করা। কেননা ঠিক এভাবেই রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সুন্নাহ বর্ণিত হয়েছে। আর সর্বোত্তম আদর্শ হচ্ছে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আদর্শ।

চার:

রুকনে ইয়ামেনী চুম্বন করা। রুকনে ইয়ামেনী চুম্বন করা রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সাব্যস্ত হয়নি। কোন ইবাদত যদি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সাব্যস্ত না হয় তাহলে সেটি বিদাত; নেক কাজ নয়। তাই কারো জন্য রুকনে ইয়ামেনী চুমো খাওয়া শরয়িতসম্মত হবে না। কেননা রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে তা সাব্যস্ত হয়নি। বরং এ বিষয়ে একটি দুর্বল হাদিস বর্ণিত হয়েছে; যা দলিলের উপযুক্ত নয়।

পাঁচ:

কিছু কিছু মানুষ যখন হাজারে আসওয়াদ বা রুকনে ইয়ামেনী মাসেহ করে তখন তারা অবজ্ঞাকারীর মত বাম হাত দিয়ে মাসেহ করে। এটি ভুল। কারণ ডানহাত বামহাতের চেয়ে উত্তম। কেবল শৌচকার্য, ঢিলা-কুলুখ ব্যবহার, নাকের শ্লেষ্মা নিষ্কাশন ইত্যাদি মল-ময়লা পরিষ্কার করার কাজে বাম হাত এগিয়ে দেয়া হয়। অন্যদিকে চুমো খাওয়া ও সম্মান প্রদর্শনের কাজে ডানহাতই ব্যবহার করা হয়।

ছয়:

লোকেরা ধারণা করে হাজারে আসওয়াদ ও রুকনে ইয়ামেনী স্পর্শ করা হয় বরকতের জন্য; ইবাদত হিসেবে নয়। ফলে তারা বরকত হিসেবে স্পর্শ করে। এটি নিঃসন্দেহে যে উদ্দেশ্যে স্পর্শ করার বিধান দেয়া হয়েছে সেটার বিপরীত। কারণ হাজারে আসওয়াদ স্পর্শ করা, মোছা বা চুম্বন করার বিধান দেয়া হয়েছে আল্লাহ্‌র প্রতি সম্মান প্রকাশার্থে। এ কারণে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন হাজারে আসওয়াদ স্পর্শ করতেন তখন বলতেন: আল্লাহু আকবার (আল্লাহ্‌ই মহান); এদিকে ইঙ্গিত করার জন্য যে, এ কাজের উদ্দেশ্য হচ্ছে আল্লাহ্‌র মহত্ব প্রকাশ; পাথর মুছে বরকত হাছিল নয়। ঠিক এ

কারণইে আমীরুল মুমনিীন উমর (রাঃ) হাজারে আসওয়াদ স্পর্শ করা কালে বলছেনে: “আল্লাহ্র শপথ! আমি জানি, তুমি একটি পাথর ছাড়া আর কছিু নও; তুমি উপকার বা অপকার কছিুই করতে পার না। যদি না আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক তোমাকে চুম্বন করতে না দখেতাম তাহলে আমওি তোমাকে চুম্বন করতাম না”

কছিু মানুষরে এ ভুল বশি্বাস (হাজারে আসওয়াদ ও রুকনে ইয়ামনেী বরকতরে জন্য স্পর্শ করা) থকেে তারা তাদরে ছোট ছোট বাচ্চাদরেকওে রুকনে ইয়ামনেী বা হাজারে আসওয়াদ স্পর্শ করার সময় নয়িে আস। নজিরে হাত দয়িে রুকনে ইয়ামনেী বা হাজারে আসওয়াদ স্পর্শ করে সে হাত দয়িে তার ছোট বাচ্চাকে বা শশিুকে স্পর্শ কর। এ ধরণরে ভুল আকদিা থকেে বারণ করা ওয়াজবি এবং মানুষরে কাছে তুলে ধরা উচতি য,ে এ ধরণরে পাথররে উপকার বা অপকার করার ক্ষমতা নইে। বরং স্পর্শকরণ দ্বারা উদ্দশ্যে হচ্ছ- আল্লাহ্র প্রতি সম্মানপ্রদর্শন ও তাঁর যকিরিকে বুলন্দ করা এবং তাঁর রাসূলরে অনুসরণ করা।

....

উল্লখেতি বষিয়গুলো এবং সম ধরণরে বষিয়গুলোর পক্ষে শরয়ি কোন দললি নইে। বরং তা বদিাত; যে কর্মগুলো আমলকারীর কোন উপকার করবে না। তব,ে এ ধরণরে আমলকারী যদি অজ্ঞ হয় এবং তার মনে যদি উদ্রকে না হয় য,ে এগুলো বদিাত তাহলে আশা করা যায়, সে ব্যক্তি ক্ষমা পাব। আর যদি সে ব্যক্তি আলমে হয় কংিবা অবহলো করে জজ্ঞিসে না করে তাহলে সে ব্যক্তি গুনাহগার হব।

সাত:

কউে কউে তাওয়াফরে প্রত্যকে চক্কররে জন্য নর্দিষ্টি দোয়া খাস করে নয়ে। এটওি একটি বদিাত যার পক্ষে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কংিবা তাঁর সাহাবীবর্গ থকেে কোন কছিু উদ্ধৃত হয়ন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কংিবা তাঁর সাহাবীগণ প্রত্যকে চক্কররে জন্য বশিষে কোন দোয়াকে খাস করতনে না। এ বষিয়ে সর্বোচ্চ যা জানা যায় তা হল নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রুকনে ইয়ামনেী ও হাজারে আসওয়াদরে মাঝে বলতনে: "رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً وَقِنَا عَذَابَ النَّارِ" (অর্থ- হে আমাদরে রব্ব! আমাদরেকে দুনয়িাতে কল্যাণ দনি, আখরিাতওে কল্যাণ দনি এবং আমাদরেকে জাহান্নামরে আগুন থকেে বাঁচান)। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলনে: বায়তুল্লাহ্কে তাওয়াফ করা, সাফা-মারওয়া পাহাড়দ্বয়রে মাঝে প্রদক্ষণি করা ও জমরাতসমূহে কঙ্কর নক্ষিপে করার বধিান আল্লাহ্র স্মরণকে বুলন্দ করার জন্য দয়ো হয়ছে।

এ বদিাতটরি ভ্রান্তি আরও বড়েে যায় যখন কোন তাওয়াফকারী একটি পুস্তকিা সাথে বহন কর,ে যে পুস্তকিাতে প্রত্যকে চক্কররে জন্য দোয়া লখো আছ,ে আর সে ব্যক্তি ঐ পুস্তকিাটি পড়।ে কন্তিু কী পড়ে সে নজিওে তা জানে না; হয়তো আরবী ভাষা না জানার কারণে অর্থ বুঝে না, কংিবা আরবীভাষী আরবী উচ্চারণ করলওে সে কী বলছে তা সে জানে না। এমনকি আমরা

কোন কোন তাওয়াফকারীকে এমন কিছু দোয়া পড়তে শুনেছি সেগুলো আসলে স্পষ্টভাবে বিকৃত। যেমন- কেউ একজনকে বলতে শুনেছি: 'আল্লাহুম্মা আগনিনি বি জালালিকা আন হারামিকা'। সঠিক হচ্ছে- আল্লাহুম্মা আগনিনি বি হালালিকা আন হারামিকা (হে আল্লাহ্! আপনি যা হালাল করেছেন সেটার মাধ্যমে আপনি যা হারাম করেছেন সেটা থেকে আমাকে বিমুখ রাখুন)।

এছাড়াও আমরা দেখেছি কিছু কিছু মানুষ ঐ পুস্তিকা থেকে দোয়া পড়তে থাকে। যখন পুস্তিকাটি পড়া শেষ হয়ে যায় তখন দোয়া করা থামিয়ে দেয়। অবশিষ্ট চক্করে সে আর কোন দোয়া করে না। যদি মাতাফে (তাওয়াফস্থলে) ভিড় না থাকে এবং দোয়া শেষ হওয়ার আগে চক্কর শেষ হয়ে যায় সে ব্যক্তি সাথে সাথে ঐ দোয়াটি বাদ দিয়ে দেয়।

এর প্রতিকার হচ্ছে- আমরা হাজীসাহেবদের কাছে তুলে ধরব যে, মানুষ তাওয়াফকালে যা ইচ্ছা ও যা খুশি দোয়া করতে পারে এবং যা ইচ্ছা আল্লাহ্‌র যিকির করতে পারে। যখন মানুষের কাছে এটি তুলে ধরা হবে তখন এ সমস্যাটি নিরসিত হবে।

যে ব্যক্তি এ বিদাতগুলোতে লিপ্ত হয় তার হুকুম:

এ বিদাতগুলোতে লিপ্ত ব্যক্তি:

হয়তো অজ্ঞ-মূর্খ; তার মনে হয়তো উদ্রেকও হয়নি যে, এগুলো হারাম। এমন ব্যক্তির ক্ষেত্রে আশা করা যায় তার উপর কোন কিছু বর্তাবে না।

কিংবা সে ব্যক্তি আলেম এবং স্বেচ্ছায় নিজে পথভ্রষ্ট ও মানুষকে পথভ্রষ্টকারী। নিঃসন্দেহে এ ব্যক্তি গুনাহগার এবং তার উপরে তার অনুসারীদের গুনাহও বর্তাবে।

কিংবা এ ব্যক্তি হচ্ছে- অজ্ঞ ও আলেমদেরকে জিজ্ঞেস করার ক্ষেত্রে অবহেলাকারী। এ ব্যক্তির ব্যাপারে আশংকা হয় যে, সে তার অবহেলার কারণে ও জিজ্ঞেস না করার কারণে গুনাহগার হবে।

তাওয়াফ সংক্রান্ত যে ভুলগুলো আমরা এখানে উল্লেখ করলাম আমরা আশা করি, আল্লাহ্ তাআলা আমাদের মুসলিম ভাইগণকে এ ভুলগুলো সংশোধন করার জন্য হেদায়েত দিবেন। যাতে করে তাদের তাওয়াফ পালন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আনিত আদর্শ মোতাবেক হয়। কারণ সর্বোত্তম আদর্শ হচ্ছে- মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আদর্শ। দ্বীনি বিধি-বিধান আবেগ ও ঝোঁকপ্রবণতা দিয়ে গ্রহণ করা যায় না। বরং রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে গ্রহণ করতে হয়।